

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
এপিএ শাখা।

বিষয় : পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ ও এর আওতাধীন দপ্তর/সংস্থা সমূহ কর্তৃক প্রেরিত ২০২০-২০২১ অর্থ বছরের জাতীয় শুদ্ধাচার কৌশল ২য় কোয়ার্টার এর অগ্রগতি পর্যালোচনার জন্য নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী।

সভাপতি : জনাব মোঃ রেজাউল আহসান,
তারিখ : ১১/০১/২০২১ খ্রি:।
সময় : সকাল ১১.০০ ঘটিকা।
সভার স্থান : পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের সম্মেলন কক্ষ।

উক্ত সভায় উপস্থিত কর্মকর্তাগণের নামের তালিকা পরিশিষ্ট - 'ক'-তে দেয়া হলো।

সভাপতি সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর তিনি এ বিভাগের জাতীয় শুদ্ধাচার কৌশল-এর ফোকাল পয়েন্ট কর্মকর্তা, উপসচিব, এপিএ-কে আলোচনা শুরু করার জন্য অনুরোধ করেন।

আলোচনা : NIS- টিম এর ফোকাল পয়েন্ট কর্মকর্তা, উপসচিব, এপিএ এ বিভাগ ও এর দপ্তর/সংস্থার ২০২০-২০২১ অর্থ বছরের পরিবীক্ষন ছক মোতাবেক ২য় কোয়ার্টারের অর্জন প্রতিবেদন উপস্থাপন করেন। তিনি অধিনস্থ দপ্তর/সংস্থাগুলোর ২০২০-২০২১ NIS-এর লক্ষ্যমাত্রা অর্জন পৃথকভাবে পর্যালোচনা করেন।

১। এ বিভাগের ২০২০-২০২১ অর্থ বছরের জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন কর্মপরিকল্পনায় পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের সূচক নং-২.৩, ২.৪ এর দ্রুত কার্যক্রম গ্রহণের জন্য নির্দেশনা প্রদান করা হয়।

২। ৩.২, ৩.৩ জাতীয় পল্লী উন্নয়ন পদক নীতিমালা ২০১২ সংশোধন এবং পল্লী দারিদ্র বিমোচন ফাউন্ডেশন (পিডিবিএফ) কর্মচারী প্রবিধানমালা প্রণয়নে দ্রুত কার্যক্রম গ্রহণের জন্য সচিব মহোদয় অভিমত ব্যক্ত করেন।

৩। সূচক নং: ৬.২, ৬.৩ প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষন/পরিদর্শন আরো ৪টি প্রকল্প পরিদর্শন করে এবং সুপারিশ বাস্তবায়ন করে প্রতিবেদন এপিএ শাখায় দাখিল করার কথা বলা হয়।

৪। সূচক নং: ৯.১ কর্মক্ষেত্রে শুদ্ধাচার বাস্তবায়ন দুর্গীতি প্রতিরোধ বিষয়ক কর্মশালা আয়োজন করার জন্য নির্দেশনা প্রদান করা হয়।

৫। দপ্তর/সংস্থার সূচকের ত্রুটি রয়েছে তা সংশোধনের জন্য নির্দেশনা প্রদান করা হয়।

৬। গত ২৩/১২/২০২০ তারিখে মন্ত্রিপরিষদ বিভাগে জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা নিয়ে সভা অনুষ্ঠিত হয়েছিল উক্ত সভার নির্দেশনা অনুযায়ী এ বিভাগের সূচক নং-৬.২, ৮.২-এর লক্ষ্যমাত্রা পরিবর্তন করা হয়েছে।


৭) অতিরিক্ত সচিব (পরি: ও উন্ন:) এবং টিম লিডার এপিএ ও এনআইএস মহোদয় সভায় অভিমত ব্যক্ত করেন যে, অভিযোগ নিষ্পত্তির বিষয়ে দপ্তর/সংস্থার ফোকাল পয়েন্ট কর্মকর্তার নাম স্ব-স্ব ওয়েব সাইটে আপ-লোড করতে হবে। অত্র বিভাগের ওয়েব সাইট অনুসরণ পূর্বক দপ্তর/সংস্থাকে তাদের সেবা বন্ধ এবং ক্রয় পরিকল্পনা আপলোড করার বিষয়ে নির্দেশনা দেয়া হয়।

অতঃপর সচিব মহোদয় অবহিত করেন যে, এ বিভাগের এপিএ টিমের সদস্যদেরকে দপ্তর/সংস্থার কার্যক্রম সার্বক্ষনিক মনিটরিং করতে হবে। তিনি আরো জানান, ইজিপি এর মাধ্যমে ক্রয় কার্য সম্পাদনে জরুরি পদক্ষেপ গ্রহণ করতে হবে। তিনি দপ্তর/সংস্থার মাঠপর্যায়ের সকল কর্মক্রমে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরণে সংস্থা প্রধানদেরকে মনিটরিং কার্যক্রম জোরদারের নির্দেশনা প্রদান করেন।

সিদ্ধান্ত:

- ক) দপ্তর/সংস্থার সেবা বন্ধ হাল নাগাদ করতে হবে।
- খ) দপ্তর/সংস্থার প্রকল্পের ক্রয় পরিকল্পনা সেবা বন্ধ অত্র বিভাগের সেবা বন্ধ অনুযায়ী ও আপলোড করতে হবে।
- গ) দপ্তর/সংস্থার মাঠপর্যায়ের সকল কর্মক্রমে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরণে সংস্থা প্রধানদেরকে মনিটরিং কার্যক্রম জোরদার করতে হবে।
- ঘ) এবিভাগের এপিএ টিমের সদস্যগণ দপ্তর/সংস্থার কার্যক্রম নিয়মিত মনিটরিং করবেন।
- ঙ) সকল শাখার ই-নথি ব্যবহার জোরদার করতে হবে।
- চ) দুর্নীতি প্রতিরোধে করণীয় বিষয়ক সেমিনারের আয়োজন করতে হবে।

০২। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


(মো: রেজাউল কাহান)
সচিব
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ